অধ্যায় ১৪

## বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ

০১। নিচের কোনটি সমাজ পরিবর্তনের যোগাযোগের উপাদানের মধ্যে পড়ে?
(a) ইজি বাইক (b) বিজ্ঞান শিক্ষা (c) নারী শিক্ষা (d) মোবাইল ফোন

০২। আকারের ভিত্তিতে পরিবার কত ধরনের হয়ে থাকে?
(a) ৩ (b) ৪ (c) ৫ (d) ৬

০৩। কর্তৃত্বের ভিত্তিতে পরিবার কয় ধরনের?
(a) দুই ধরনের (b) তিন ধরনের (c) চার ধরনের (d) পাঁচ ধরনের

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**

হাফেজা দশম শ্রেণির শিক্ষার্থী। সে নিয়মিত বিদ্যালয়ে যায় ও পড়াশুনা করে। বাবা-মাও তার প্রতি যত্নবান। হাফেজা সবার সাথে ভালো ব্যবহার করে।

০৪। উদ্দীপকটি কোন প্রক্রিয়াকে নির্দেশ করছে?
(a) পারিবারিক আদর্শ (b) সামাজিক পরিবর্তন (c) সামাজিক রীতিনীতি (d) সামাজিকীকরণ

০৫। দাদা-বাবা-নাতি এই তিন প্রজন্ম তাদের স্ত্রী, ভাই, সন্তানাদি নিয়ে একত্রে বসবাস করলে তা কী ধরনের পরিবার?
(a) একক (b) যৌথ (c) অনু (d) বর্ধিত

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**

রাহাতের মা-বাবা তাকে খুব স্নেহ ও যত্ন করেন। সে তার ছোট ভাই ও পাড়ার বন্ধুদের সাথে মিলে মসজিদ ও স্কুলে যেত। এভাবে নানা উপায়ে রাহাত শিক্ষা লাভ করেছে। সমাজে আজ রাহাত প্রতিষ্ঠিত। যে কোনো নতুন পরিবেশেই সে নিজেকে খাপ খাইয়ে নিতে পারে।

০৬। রাহাত কোন প্রক্রিয়ায় সমাজে প্রতিষ্ঠিত হয়েছে?
(a) সামাজিকীকরণ (b) সামাজিক পরিবর্তন (c) সামাজিক প্রগতি (d) সামাজিক পুনর্গঠন

০৭। পিতা-মাতার মধ্যে অশান্তি বিরাজ করলে রাহাতের জীবনে কী সমস্যা দেখা দিতে পারে?
(i) পরনির্ভরশীলতা (ii) মানসিক বিকারগ্রস্ততা (iii) অপরাধ প্রবণতা
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

০৮। বাংলাদেশে যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাওয়ার কারণ হলো-
(i) অর্থনৈতিক অসচ্ছলতা (ii) অন্যত্র কর্মসংস্থানের সুযোগ (iii) অজ্ঞতা ও নিরক্ষরতা
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

০৯। মানুষ পরিবার গঠন করে কেন?
(a) অর্থনৈতিক প্রয়োজন পূরণের জন্য (b) জৈবিক চাহিদা পূরণের জন্য
(c) বিনোদনের জন্য (d) সম্পত্তি রক্ষার জন্য

১০। সমাজ কাঠামোর মৌল সংগঠন কোনটি?
(a) পরিবার (b) সমাজ (c) ধর্ম (d) গোষ্ঠী

১১। শিশুর ব্যক্তিত্বের সুষ্ঠু বিকাশের জন্য প্রয়োজন-
(i) মা-বাবার সাথে সুসম্পর্ক (ii) খেলার সাথীদের সাথে সুসম্পর্ক
(iii) নিকট আত্মীয়দের সাথে সুসম্পর্ক
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

১২। বিবাহের পর নবদম্পতি স্ত্রীর পিতৃগৃহে বসবাস করলে তাকে কোন ধরনের পরিবার বলা হয়?

(a) পিতৃসূত্রীয় (b) মাতৃসূত্রীয় (c) মাতৃবাস (d) পিতৃবাস

১৩। শিশুর আচার-আচরণগত জ্ঞান অর্জন পরিবারে কোন কার্যাবলির অন্তর্ভুক্ত?

(a) অর্থনৈতিক (c) ভরণ-পোষণ (b) বিনোদন (d) শিক্ষাদান

১৪। 'ব'এর জমিতে ফসল উৎপাদন কমে যায়। কারণ গত বছর বন্যায় লবণ পানি তার জমির উর্বরাশক্তি নষ্ট করে। যার ফলে 'ব' জীবন বাঁচাতে পরিবার নিয়ে শহরে চলে আসে। 'ব'এর এলাকায় সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি কার্যকর?

(a) জৈবিক (b) প্রাকৃতিক (d) শিল্পায়ন (c) সাংস্কৃতিক

১৫। পরিবার সমাজ কাঠামোর কী?

(a) মৌলিক একক (c) মৌল সংগঠন (b) মৌল ভিত্তি (d) মৌলিক প্রতিষ্ঠান

১৬। বাংলাদেশের পরিবার ভেঙে যাওয়ার কারণ হলো-

(i) দারিদ্র্য ও জনসংখ্যা বৃদ্ধি (ii) শিল্পায়ন ও নগরায়ণ (iii) কর্ম বহুমুখীতা ও শিক্ষার হার বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

১৭। সামাজিকীকরণের ফলে শিশুর-

(i) ব্যক্তিত্বের বিকাশ ঘটে (ii) সামাজিক গুণাবলি বৃদ্ধি পায় (iii) অভিযোজন বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**

সদ্য বিয়ে করা চাকুরিজীবী সোহেল জামাল সাহেবের বাসায় সাবলেট হিসেবে ওঠেন। দুজনে নতুন সংসার গোছাতে এখন ব্যস্ত। ১৮। বসবাসের ভিত্তিতে সোহেলের পরিবারটি কোন ধরনের?

(a) মাতৃবাস (b) পিতৃবাস (c) নয়াবাস (d) একপত্নী

১৯। বর্তমানে এ ধরনের পরিবারের বিস্তৃতি ঘটার কারণ হলো:

(i) নিজের কর্তৃত্বে থাকার অভিপ্রায়ে (ii) পেশা সংশ্লিষ্টতার কারণে (iii) আর্থিক অসচ্ছলতার জন্যে নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

২০। সামাজিকীকরণে মুখ্য ভূমিকা পালন করে কোন মাধ্যম?

(a) খেলার সাথী (b) চলচ্চিত্র (c) বিদ্যালয় (d) পরিবার

২১। গোষ্ঠীবদ্ধ জীবনের আদি ধাপ কোনটি?

(a) পরিবার (b) বিবাহ (c) রাষ্ট্র (d) সমাজ

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**

হাছান তার বাবা-মা, দাদা-দাদির সাথে কলিমপুর গ্রামে বসবাস করে। হাছান প্রতিদিন তার দাদার সাথে বাইরে ঘুরতে যায় এবং অনেক কিছু শেখে।

22। হাছান কোন ধরনের পরিবারে বসবাস করে?

(a) একক (b) যৌথ (c) বর্ধিত (d) নয়াবাস

২৩। সামাজিকীকরণ প্রক্রিয়ায় হাছান শিখবে-

(i) সাহায্যের মনোভাব (ii) কথা বলার ধরণ (iii) জটিল সমাজ জীবন

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**

পরিবার হচ্ছে সমাজ কাঠামোর মৌল সংগঠন। পরিবারের গঠন, কার্যাবলি ও কাঠামোতে অনেক পরিবর্তন হলেও পরিবারের সাথে মানুষের সম্পর্ক সুগভীর। বাবা-মায়ের বিচ্ছেদের কারণে লাভলু শৈশব থেকে তার চাচার বাসায় বাস করে। সে নিয়মিত স্কুলে যায় না এবং বন্ধুদের সঙ্গে খারাপ আচরণ করে।

২৪। উদ্দীপকের প্রথম অংশে পরিবারের কোন দিকটির ইঙ্গিত আছে?

(a) পরিবারের গঠন (b) পরিবারের গুরুত্ব (d) সামাজিক পরিবর্তন (c) সামাজিকীকরণ

২৫। লাভলুর সামাজিকীকরণের ক্ষেত্রে ঘাটতি আছে-

(i) পরিবারের যথাযথ পরিবেশের (ii) বাবা-মায়ের সুসম্পর্কের
(iii) সামাজিক পরিবেশের

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

২৬। কোনটি জীবনব্যাপী টিকে থাকে?

(a) সামাজিকীকরণ (b) সামাজিক শিক্ষা (c) পারিবারিক শিক্ষা (d) ধর্মীয় শিক্ষা

২৭। শিশুর সামাজিকীকরণে সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম কোনটি?

(a) বিদ্যালয় (b) পরিবার (c) ধর্মীয় প্রতিষ্ঠান (d) বাল্যবন্ধু

২৮। পরিবার গঠনের পূর্বশর্ত কোনটি

(a) মূল্যবোধ (b) বিবাহ (c) নিয়ম-নীতি (d) আত্মীয়তা

২৯। গোষ্ঠী জীবনের প্রথম ধাপ কী?

(a) পরিবার (b) সমাজ (c) সম্প্রদায় (d) রাষ্ট্র

৩০। মিশুক চক্রবর্তী অপেক্ষাকৃত নিচু গোত্রের মিতা দাসকে বিবাহ করে। তাদের পরিবারটি কোন ধরনের?

(a) অনুলোম বিবাহ ভিত্তিক পরিবার (b) প্রতিলোম বিবাহ ভিত্তিক পরিবার

(c) অন্তর্গোত্র বিবাহ ভিত্তিক পরিবার (d) সমগোত্র বিবাহ ভিত্তিক পরিবার

৩১। জনাব কালাম তার স্ত্রী, সন্তান, বাবা-মা ও দাদা-দাদীসহ এক সাথে বসবাস করেন। তার পরিবারের রূপ হলো—

(a) অণু পরিবার (c) বর্ধিত পরিবার (b) যৌথ পরিবার (d)মাতৃতান্ত্রিক পরিবার

৩২। অণু পরিবার কয় পুরুষে আবদ্ধ?

(a) ১ (b) 2 (c) ৩ (d) ৪

৩৩। মানুষের সমাজ জীবনের মূল বিষয় কী?

(a) পরিবার গঠন (b) বিবাহ (c) একতা (d) মিথস্ক্রিয়া

৩৪। বসবাসের উপর ভিত্তি করে পরিবার কত প্রকার?

(a) ২ প্রকার (c) ৪ প্রকার (b) ৩ প্রকার (d) ৫ প্রকার

৩৫। সাদমান সাহেব তার একমাত্র স্ত্রী রাহেলা ও তিন ছেলে- মেয়েকে নিয়ে অবসর সময়ে বিভিন্ন পর্যটন এলাকা পরিদর্শন করেন। সাদমান সাহেবের পরিবারটি হল-

(i) একপত্নী পরিবার (ii) বহুপত্নী পরিবার (iii) একটি আদর্শ পরিবার

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

**নিজের চিত্রের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:**



৩৬। চিত্রে সামাজিকীকরণ প্রক্রিয়ায় প্রধানত কোন প্রতিষ্ঠানের ভূমিকা নির্দেশ করছে?

(a) পরিবার (c) বিদ্যালয় (b) গণমাধ্যম (d) স্থানীয় গোষ্ঠী

৩৭। নির্দেশিত মাধ্যমটি দ্বারা-

(i) সংস্কৃতি আধুনিকতার স্পর্শ পেয়েছে (ii) শিশু কিশোররা বিনোদন পাচ্ছে

(iii) সমাজের সাথে তারা মানিয়ে চলতে শিখছে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৩৮। বংশমর্যাদা এ সম্পত্তির উত্তরাধিকারের ভিত্তিতে পরিবার কয় ধরনের?

(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ

৩৯। পরিবার কোন ধরনের প্রতিষ্ঠান?

(a) সামাজিক (b) ব্যক্তিগত (c) রাজনৈতিক (d) সাংস্কৃতিক

৪০। বাংলাদেশে যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাওয়ার কারণ-

(i) দারিদ্র্য ও জনসংখ্যা বৃদ্ধি (ii) শিল্পায়ন ও নগরায়ণ (iii) নিরক্ষরতা ও অজ্ঞতা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) ii, iii (c) ii, iii (d) i, ii, ii

৪১। শিশুর সবচেয়ে কাছের মানুষ হলেন-

(a) বন্ধু-বান্ধব (c) শিক্ষক (b) মা-বাবা (d) সহপাঠী

৪২। কুসংস্কারমুক্ত থাকতে সাহায্য করে কোনটি?

(a) শিক্ষা (b) খেলাধুলা (c) ভ্রমণ (d) শরীরচর্চা

অধ্যায় ১৫

## বাংলাদেশের সামাজিক পরিবর্তন

1. সুস্মিতা তার বান্ধবীকে নিয়ে দুর্গাপূজা দেখতে যায়। সুস্মিতার এ কাজ সমাজ পরিবর্তনের কোন উপাদানকে নির্দেশ করে?

(a) জৈবিক (b) সাংস্কৃতিক (c) যোগাযোগ (d) প্রাকৃতিক

2. সমাজের সৃষ্টি কোনটি থেকে?

(a) দেশ (c) পরিবার (b) রাষ্ট্র (d) জাতি

3. গ্রাম ও শহর উভয় সমাজে সামাজিকীকরণে সাদৃশ্যপূর্ণ উপাদান কোনটি?

(a) পরিবার (b) সমাজ কাঠামো (c) খাদ্যাভ্যাস (d) প্রথা-প্রতিষ্ঠান

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:**

তমা এস.এস.সি. পাশ করে কিছু বিষয়ে জ্ঞান অর্জন করে নিজে সচেতন হয়েছে এবং অপরদেরকে সচেতন করতে সচেষ্ট হয়েছে, বিশেষ করে নারী শিক্ষা, যৌতুক আইনসহ প্রভৃতি বিষয়ে। অপরপক্ষে পপি একজন শিক্ষিকা। পপির মতো

আরও মেয়েরা সরকারের বিভিন্ন পদে চাকরি করছে। কোনো কোনো ক্ষেত্রে স্বল্প প্রশিক্ষণ নিয়ে বিভিন্ন বিষয়ে আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হচ্ছে।

০৪। তমার সচেতনার পিছনে সমাজ পরিবর্তনের কোন উপাদান কাজ করে?

(a) প্রাকৃতিক (b) জৈবিক (c) প্রযুক্তি (d) শিক্ষা

০৫। উদ্দীপকে বিভিন্ন ক্ষেত্রে নারীর অংশগ্রহণে-

(i) দেশ উন্নত হচ্ছে (ii) অর্থনীতি এগিয়ে যাচ্ছে (iii) মানুষের ভাগ্যের পরিবর্তন হচ্ছে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (c) ii, iii (b) i, iii (d) i, ii, iii

০৬। সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কোনটি?

(a) প্রযুক্তি (b) শিক্ষা (c) যোগাযোগ (d) নগরায়ন

07। নারীরা পূর্বের তুলনায় সামাজিক ক্ষেত্রে এগিয়ে যাওয়ার কারণ হলো-

(i) নারীর শিক্ষার প্রসার (ii) সমাজ হঠাৎ নারীদের সুবিধা দিয়েছে (iii) কর্মমুখী শিক্ষার প্রসার

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

0৮. শিল্পের প্রসারের ফলে নারীরা-

(i) অধিক হারে কর্মমুখী হয়েছে (ii) পরিবারের জন্য আয়ের সুযোগ বাড়িয়েছে (iii) বহির্মুখী হয়েছে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

০৯। সামাজিক পরিবর্তনের জৈবিক উপাদান হলো-

(i) জনসংখ্যার ঘনত্ব (ii) জীবনযাত্রার মান (iii) জনসংখ্যার প্রকৃতি

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

১০। রাহেলা বেগম মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। গত মাসে সে একটি স্কুলে পিওনের চাকুরিতে যোগদান করেছে। রাহেলার এ পরিবর্তনকে কী বলে?

(a) সমাজের উন্নতি (b) শিক্ষার প্রসার (c) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি (d) নারীর ক্ষমতায়ন

১১। সফিক সাহেব যৌথ পরিবারে বাস করেন। কিন্তু দিন দিন তাঁর পরিবারের লোকেরা শহরমুখী হচ্ছে। কোনটির ফলে সফিক সাহেবের পরিবারে এ পরিবর্তন সাধিত হচ্ছে?

(a) শিক্ষার প্রসার (b) প্রযুক্তির উদ্ভাবন (c) শিল্পায়ন ও নগরায়ণ (d) যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন

১২। নগরায়ন কী?

(a) গ্রামীণ জীবন ছেড়ে নগর জীবন গ্রহণ প্রক্রিয়া (b) শিল্প সম্প্রসারণের ধারাবাহিক উপায়

(c) নগর সভ্যতা গড়ে তোলার পদ্ধতি (d) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন প্রক্রিয়া

১৩। ভৌগোলিক দূরত্ব কমে গেলেও সামাজিক দূরত্ব বৃদ্ধি পেয়েছে কেন?

(a) শিল্পায়ন ও নগরায়ণের ফলে (b) শিক্ষার উন্নয়নের কারণে

(c) কর্মসংস্থান বৃদ্ধির কারণে (d) যাতায়াত ও যোগাযোগ উন্নয়নের কারণে

১৪। মেডিকেল কলেজসমূহে নারী শিক্ষার্থীর শতকরা হার কত?

(a) ২১% (b) ২৫% (c) ২৭% (d) ২৯%

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** জামাল সাহেব সামাজিক বিজ্ঞান বিষয়ের একজন শিক্ষক। তিনি ক্লাসে ডিজিটাল মাল্টিমিডিয়া ব্যবহার করে নারী ও শিশু পাচারের চিত্র দেখিয়ে পাঠদান করছেন।

১৫। ডিজিটাল ক্লাসের ইতিবাচক দিক হলো-

(i) পাঠ সহজে উপস্থাপন করা যায় (ii) শিক্ষার্থীরা সহজে বুঝতে পারে

(iii) পাঠ্যবই ও খাতাপত্রের প্রয়োজন নেই

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (c) ii, iii (b) i, iii (d) i, ii, iii

১৬। নিচের কোনটি সমাজ পরিবর্তনের প্রাকৃতিক উপাদান?

(a) জনসংখ্যার স্থানান্তর (b) দৃষ্টিভঙ্গির পরিবর্তন

(c) নদী ভাঙন (d) বিশেষ কাজে বিশেষ দক্ষতা অর্জন

১৭। কীভাবে পরিবেশের ভারসাম্য নষ্ট হয়?

(a) বিজ্ঞানের অপব্যবহারে (b) সমাজ কাঠামোর দুর্বলতায় (c) প্রাকৃতিক দুর্যোগের ফলে

(d) জনসংখ্যা বৃদ্ধির ফলে

১৮। সরকারের উপবৃত্তি প্রকল্প চালুর ফলে-

(a) কর্মক্ষেত্রে নারীর সংখ্যা বেড়েছে (b) গ্রামের মেয়েদের শিক্ষার হার বেড়েছে

(c) নারীরা পোশাক করখানায় কাজ করতে পারছে (d) সমাজে বিদ্যালয়ের সংখ্যা বাড়ছে

১৯। "সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন।"- উক্তিটি কার ?

(a) ম্যাকাইভারের (b) কিংসলে ডেভিসের (c) অধ্যাপক গার্নারের (d) অধ্যাপক হল্যান্ডের

20. শিল্পের অগ্রগতির ফলে কীভাবে সামাজিক দূরত্ব সৃষ্টি হয়?

(a) কর্মসংস্থান বৃদ্ধি করে (b) জনগণকে শহরমুখী করে

(c) বস্তি সৃষ্টি করে (d) বাড়তি উপার্জন করার ফলে

২১। বাংলাদেশের সরকার প্রাথমিক শিক্ষার দায়িত্ব গ্রহণ করে কীভাবে?

(a) নতুন শিক্ষানীতি প্রণয়ন করে (b) নতুন বিদ্যালয় স্থাপনের মাধ্যমে

(c) দ্বিতীয় বিপ্লব কর্মসূচির মাধ্যমে (d) প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের মাধ্যমে

২২) সামাজিক পরিবর্তনের জৈবিক উপাদান কোনটি?

(a) জীবনযাত্রার মান (b) নারীর ক্ষমতায়ন (c) বৈচিত্র্যপূর্ণ সংস্কৃতি (d) রেডিও টেলিভিশন

২৩। কুবের বরিশাল থেকে ইলিশ ধরে রাজধানীর ফার্মগেট বাজারে বিক্রি করার জন্য আনে। এখানে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি বেশি কার্যকর?

(a) প্রযুক্তি (c) শিল্পায়ন (b) জৈবিক (d) যোগাযোগ

২৪। হালিমা এমএসসি পাসের পর বিসিএস পরীক্ষার মাধ্যমে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা হিসাবে চাকরিতে যোগদান করেন। সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে হালিমার জন্য প্রযোজ্য হল-

(a) পরিবার গঠন (b) বেকারত্ব দূর (c) প্রতিষ্ঠা লাভ (d) নারীর ক্ষমতায়ন

২৫। কোনটি একজন ব্যক্তির মনে আত্মবিশ্বাস জাগ্রত করে?

(a) শিক্ষা (b) যোগাযোগ (c) প্রযুক্তি (d) নগরায়ণ

২৬। শিক্ষার ফলে নারীরা-

(i) আত্মনির্ভরশীল হচ্ছে (ii) সমাজে অবদান রাখছে (iii) কৃষিকাজে জড়িয়ে পড়ছে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

২৭। সামাজিক পরিবর্তনের সূচনা করে কোনটি?

(a) সংস্কৃতি (c) শিশুশ্রম (b) সমাজ (d) সামাজিক নৈরাজ্য

২৮। ফিরোজা বেগম গত বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। গত মাসে সে একটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগদান করে। ফিরোজার এই পরিবর্তনকে বলা হয়-

(a) শিক্ষার বিস্তার (b) শিক্ষার অগ্রগতি (c) অজ্ঞতার অবসান (d) নারীর ক্ষমতায়ন

29. শিল্পায়নের ফল কোনটি?

(a) নগরায়ন (b) প্রযুক্তি (c) শিক্ষা (d) সংস্কৃতি

30. "মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন।"- উক্তিটি কার?

(a) অগাস্ট কোৎ (b) ম্যাকাইভার (c) এরিস্টটল (d) কিংসলে ডেভিস

31. 'জনসংখ্যার ঘনত্ব' সামাজিক পরিবর্তনের কোন ধরনের উপাদান?


(a) প্রাকৃতিক (b) জৈবিক (c) সাংস্কৃতিক (d) প্রযুক্তিগত

৩২। কীসের ফলে নগরায়ণ ত্বরান্বিত হয়?

(a) শিক্ষার (b) জনসংখ্যা বৃদ্ধির (c) প্রযুক্তির (d) শিল্পায়নের

৩৩। সামাজিক পরিবর্তনের বিশেষ উপাদান কোনটি?

(a) প্রযুক্তি (b) যোগাযোগ (c) নগরায়ণ (d) শিক্ষা




34. খালি ঘরের জন্য কোনটি সঠিক?

(a) সামাজিক মূল্যবোধ (c) সামাজিক পরিবর্তন (b) সামাজিক নৈরাজ্য (d) সামাজিক অসংগতি

৩৫। সামাজিক পরিবর্তনের গতি কীরূপ?

(a) ধীর (b) দ্রুত (c) ধীর ও দ্রুত (d) মধ্যম

৩৬। সামাজিক পরিবর্তনের প্রাকৃতিক উপাদান কোনটি?

(a) বৈশ্বিক উষ্ণায়ন (c) জনসংখ্যার প্রকৃতি (b) জন্ম-মৃত্যুহার (d) জীবনযাত্রার মান

৩৭। রফিক সাহেব ভ্রমণ কাহিনি বিষয়ক বই লেখেন। তার মেয়ে বিদেশে ভ্রমণ করতে পছন্দ করে। তারা মনে করে এসব কাজ মানুষের দৃষ্টিভঙ্গি প্রগতিশীল করে সমাজে পরিবর্তন আনে। রফিক সাহেব ও তার মেয়ের কাজ সামাজিক পরিবর্তনের কোন

উপাদানকে নির্দেশ করছে?

(a) সাংস্কৃতিক (c) শিক্ষা (b) প্রাকৃতিক (d) যোগাযোগ

৩৮। বাংলাদেশের শিল্পোন্নয়নের জন্য প্রয়োজন-

(i) মূলধন গঠনের মানসিকতা (ii) রাজনৈতিক স্থিতিশীলতা (iii) শিল্প ঋণের পরিমাণ বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

(a) I (b) i, ii (c) ii, iii (d) i, ii, iii

৩৯। কীসের ফলে নারীরা আজ গৃহের সীমিত পরিবেশ থেকে বাহিরের কর্মমুখর জগতে এসেছে?

(a) সংস্কৃতির প্রসার (b) শিল্পের প্রসার (c) সামাজিক প্রতিষ্ঠান (d) ধর্মের প্রভাব

অধ্যায় ১৬

## বাংলাদেশের সামাজিক সমস্যা ও এর প্রতিকার

০১। নারীর প্রতি সহিংসতার অন্যতম গুরুত্বপূর্ণ কারণ কোনটি?

(a) পারিবারিক দৃষ্টিভঙ্গি (b) দারিদ্র্য (c) সামাজিক বিশৃঙ্খলা (d) অশিক্ষা

০২। সদ্য বিবাহিত 'N' স্বামীর বাড়িতে বিভিন্ন প্রকার গৃহস্থালী কাজে নিয়োজিত থাকে। অতিরিক্ত কাজের জন্য তাকে প্রতিনিয়ত চাপ প্রয়োগ করা হয়। এতে সে সবসময় ভয়ে থাকে। 'N' এর সমস্যাটি কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে?

(a) সামাজিক নৈরাজ্য (b) নারীর প্রতি বৈষম্য (c) নারীর প্রতি সহিংসতা (d) মূল্যবোধের অবক্ষয়

০৩। জনাব 'Y' জটিল অপারেশন কালে অন্যের রক্ত গ্রহণ করেন। সুস্থ হয়ে বাসায় ফিরলেও তার লাগাতার শুষ্ক কাশি হয়। জনাব 'Y' এর সমস্যাটি বাংলাদেশে কখন থেকে দেখা যায়?

(a) ১৯৮১ সাল (b) ১৯৮৯ সাল ) (c) ২০০২ সাল (d) ২০১০ সাল

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** কে. সি. কলেজের বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী শিলা। মামার বাসায় বেড়াতে ঢাকায় আসে। পাশের বাসার একটি ছেলে শিলাকে দেখে বাজে ইঙ্গিত করে।

০৪। শিলা কোন সামাজিক সমস্যার শিকার?

(a) ছিনতাই (b) কিশোর অপরাধ (c) ইভটিজিং (d) রাহাজানি

০৫। উক্ত সমস্যা সমাধানে করণীয়

(i) ধর্মীয় মূল্যবোধ ও আদর্শ চর্চা করা (ii) সামাজিক চাপ প্রয়োগকারী প্রতিষ্ঠানকে সক্রিয়

(iii) অপরাধীকে সামাজিকভাবে বয়কট করা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** সাধুহাটী বাজারের পাশে 'গড়াই' বেড়িবাঁধ প্রতিবছর সংস্কার করা হলেও, অনেক স্থানে বড় বড় ভাঙন দেখা দেয়। ফলে জনজীবনে দুর্দশা নেমে আসে। অথচ সরকার প্রতি বছর এই বাঁধ মেরামতে প্রচুর অর্থ ব্যয় করে।

০৬। উদ্দীপকে কোন সামাজিক সমস্যাটি ফুটে উঠেছে?

(a) সড়ক দুর্ঘটনা (b) নৈরাজ্য (c) দুর্নীতি (d) দরিদ্রতা

০৭। উক্ত সমস্যা সমাধানে দরকার-

(i) বাজেট বৃদ্ধি করা (ii) দোষীদের বিচার করা (iii) জবাবদিহিতা প্রতিষ্ঠা করা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

০৮। ২০০১ সালে মোট কতটি সড়ক দুর্ঘটনা ঘটে?

(a) ৪,০৯১ টি (b) ৪,০৯২ টি (c) ৪,০৯৩ টি (d) ৪,০৯৪ টি

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** এসএসসি পরীক্ষার পর সজল ও তার বন্ধুরা পায়রা সমুদ্র বন্দরে বেড়াতে গেল। সেখানে পৌঁছানোর পর রাত হওয়ায় তারা যাত্রী ছাউনীতে অপেক্ষা করতে লাগল। এমন সময় তাদের বয়সী কিছু ছেলে এসে অস্ত্রের ভয় দেখিয়ে তাদের কাছে থাকা মোবাইল, ল্যাপটপ, টাকা-পয়সা ঘড়িসহ সব ছিনতাই করে নিয়ে গেল।

০৯। উদ্দীপকে বর্ণিত ঘটনাটি দ্বারা কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে?

(a) দুর্নীতি (b) জঙ্গিবাদ (c) মাদকাসক্ত (d) কিশোর অপরাধ

১০। উক্ত ঘটনার সাথে জড়িত-

(i) বেকারত্ব (ii) উপযুক্ত শিক্ষার অভাব (iii) মূল্যবোধের অবক্ষয়

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

১১। কতটুকু সময় শিশুরা কাজ করবে না?

(a) ১৪ ঘণ্টা (b) ১২ ঘণ্টা (c) ১০ ঘণ্টা (d) ৮ ঘণ্টা

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** প্রবাসী জনাব 'X' বিশেষ কারণে দেশে ফেরার পর ২ মাসের মধ্যে তার ওজন অনেক কমে যায়। তিনি অবসাদে ভুগছেন এবং শরীরের বিভিন্ন স্থানে সংক্রমণ দেখা দিয়েছে।

১২। জনাব 'X' এর সামাজিক সমস্যাটি হল-

(a) সামাজিক বিশৃঙ্খলা (b) দরিদ্রতা (c) মাদকাসক্তি (d) এইডস

১৩। জনাব 'X' এর জন্য প্রয়োজন-

(i) পরিবার থেকে দূরে রাখা (ii) পর্যাপ্ত বিশ্রামের ব্যবস্থা করা (iii) মানসিক সমর্থন প্রদান করা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (e) ii, iii (d) i, ii, iii

১৪। বিশ্ব এইডস দিবস কোনটি?

(a) ১লা জুন (b) ১লা আগস্ট c) ১লা অক্টোবর (d) ১লা ডিসেম্বর

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও :** তুলুর বয়স ১৫ বছর। সে কাজ করতে চায় না এবং কাউকে পরোয়া করে না। মাঝে মাঝে সে অন্য ছেলেদের সাথে মারামারি করে বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি করে।

১৫। তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টি তুলুর মধ্যে প্রতিফলিত হয়েছে?

(a) কিশোর অপরাধ (b) শিশুশ্রম (c) জঙ্গিবাদ (d) সামাজিক নৈরাজ্য

১৬। কোন জিনিসটি দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে পুরোপুরিভাবে অনুপস্থিত?

(a) সমবেদনা (c) স্বদেশপ্রেম (b) বুদ্ধিমত্তা (d) সৃজনশীলতা

১৭। উদ্বেগজনক সামাজিক সমস্যা কোনটি?

(a) নারীর প্রতি সহিংসতা (b) সামাজিক নৈরাজ্য (c) দুর্নীতি (d) কিশোর অপরাধ

১৮। কোন রোগের প্রতিষেধক নেই?

(a) যক্ষা (b) ক্যান্সার (c) এইডস (d) এইচআইভি

১৯। রাফান 'ক' নামক ব্যক্তিকে এসিড নিক্ষেপ করেছে— এখানে রাফানের কোন সামাজিক সমস্যাটি চিহ্নিত হয়েছে?

(a) কিশোর অপরাধ (b) সামাজিক নৈরাজ্য (c) নারীর প্রতি সহিংসতা (d) সামাজিক বিশৃংখলা

২০। সামাজিক নৈরাজ্য ও মূল্যবোধের অবক্ষয় প্রতিরোধে গৃহীত পদক্ষেপ হতে পারে—

(i) আইনের শাসন প্রতিষ্ঠা (ii) সমাজের হিংসাত্মক কার্যক্রম রোধে সচেতনতা বৃদ্ধি

(iii) ন্যায় বিচার প্রতিষ্ঠায় প্রাতিষ্ঠানিক কার্যক্রমে অস্বচ্ছতা সৃষ্টি

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (c) ii, iii (b) i, iii (d) i, ii, iii

২১। জাতীয় শিশু শ্রম নিরসন আইনের লক্ষ্য কোনটি?

(a) শিশু মৃত্যুর হার হ্রাস (b) শিশুদের পুষ্টিহীনতা দূর করা

(c) শিশুদের দ্বারা কাজ করানো বন্ধ করা (d) শিশুদের শিক্ষা গ্রহণের অধিকার নিশ্চিত করা

২২। সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের ফলে সৃষ্টি হয় কোনটি?

(a) সামাজিক অসঙ্গতি (b) সামাজিক নৈরাজ্য (c) সামাজিক বৈষম্য (d) সামাজিক বিশৃঙ্খলা

২৩। সড়ক দুর্ঘটনার প্রভাবে-

(i) চাকরিজীবীর কর্মঘণ্টা নষ্ট হয় (ii) কাঁচামাল নষ্ট হয় (iii) চিকিৎসা সেবা বাধাগ্রস্থ হয়

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

২৪। সারফান ৯ম শ্রেণিতে পড়ে। দারিদ্র্যের কারণে সে একটি দোকানে কাজ করে। দুপুর ২টায় সে কাজে গেলে ২০০৬ সালের শ্রম আইন অনুযায়ী কয়টায় ছুটি পাবে?

(a) সন্ধা ৭ টায় (b) রাত ৮ টায় (c) রাত ৯ টায় (d) রাত ১০ টায়

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** প্রায় ১০ বছর আগে 'ক' চাকরি নিয়ে সিঙ্গাপুর যায়। কিছুদিন আগে সে বাড়িতে আসে। বাড়িতে আসার পর তার নিয়মিত জ্বর ও পাতলা পায়খানা হচ্ছে। সে এখন কর্মস্পৃহা হারিয়ে ফেলছে। তার এ অবস্থা দেখে মা-বাবা অনেক চিন্তিত।

২৫। 'ক' এর ক্ষেত্রে কোন ধরনের সামাজিক সমস্যা প্রতিফলিত হয়েছে?

(a) শিশুশ্রম (b) এইডস (c) কিশোর অপরাধ (d) দুর্নীতি

২৬। উক্ত সমস্যার ফলে-

(i) সামাজিক অবজ্ঞার শিকার হতে হয় (ii) জীবন নির্বাহের জন্য অপরাধে জড়িয়ে পড়ে

(iii) দাম্পত্য সম্পর্কের অবনতি ঘটে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

২৭। ব্যক্তির উপর সামাজিক আদর্শ এবং নিয়ম-নীতির প্রভাব কমতে থাকলে সমাজে কোনটি দেখা দেয়?

(a) সামাজিক বিশৃঙ্খলা (b) শিশুশ্রম (c) নারী নির্যাতন (d) কিশোর অপরাধ

২৮। সামাজিক মূল্যবোধের অবক্ষয়ের কারণ হলো-

(i) অর্থনৈতিক বৈষম্য বৃদ্ধি পাওয়া (ii) ন্যায়বিচার প্রতিষ্ঠার অনিশ্চয়তা

(iii) মনগড়া ধর্মীয় ব্যাখ্যা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

২৯। বিশ্বে প্রথম এইচআইভি ধরা পড়ে --- সালে।

(a) ১৯৭৯ (b) ১৯৮০ (c) ১৯৮১ (d) ১৯৮২

৩০। বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস শিক্ষার পরিবেশ নষ্ট করেছে---এ ধরনের সন্ত্রাস সৃষ্টির বড় কারণ কোনটি?

(a) সামাজিক মূল্যবোধের অভাব (b) শিক্ষকের উদাসীনতা

(c) রাজনৈতিক দলগুলোর প্রতি অন্ধ সমর্থন (d) সরকারের উদাসিনতা

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও: দেশে ফেরার ৮/৯ মাস পরে জয়নাল অসুস্থ হয়ে পড়ে। সার্বক্ষণিক জ্বর ও ডায়রিয়া, শুকনো কাশি, শ্বাসকষ্ট, বগলে ব্যথা। ডাক্তার তাকে পুষ্টিকর খাবার খেতে ও পর্যাপ্ত বিশ্রাম নিতে বলেন।

৩১। জয়নালের কী ধরনের সমস্যা হয়েছে বলে তোমার ধারণা?

(a) ছোঁয়াচে রোগ (b) ধ্বংসাত্মক ব্যাধি (c) সড়ক দুর্ঘটনা (d) মানসিক সমস্যা

৩২। জয়নালের মত সমস্যা থেকে বাঁচার জন্য আমরা করতে পারি-

(i) ধর্মীয় অনুশাসন মেনে চলা (ii) সকলে সচেতন হওয়া (iii) সামাজিক আচরণ করা

নিচের কোনটি সঠিক?

(a) i,ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৩৩। সামাজিক অসঙ্গতির সৃষ্টি হয় কেন?

(a) বিরোধী দলের কারণে (b) বিদেশিদের চাপে

(c) মূল্যবোধের অবক্ষয়ের কারণে (d) মানুষের মধ্যে শত্রুতা হলে

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** ২০০২ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত মারা যায় ৫০.৫৮%, গুরুতর আহত হয় ৩৮.১০% এবং সামান্য আহত হয় ১১.৩২%।

৩৪। উপর্যুক্ত তথ্যে কোন দুর্ঘটনা দেখা যায়?

(a) নৌ (b) সড়ক (c) বিমান (d) রেলওয়ে

৩৫। উক্ত সমস্যা থেকে আমরা যেভাবে পরিত্রাণ পেতে পারি-

(i) সবাই সচেতন থেকে (ii) চালকদের প্রশিক্ষণ বাধ্যতামূলক করে (iii) নিয়ম মেনে চলে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d)i, ii, iii

৩৬। কত সালে বিশ্বে প্রথম এইচআইভি সংক্রমিত ব্যক্তি শনাক্ত হয়?

(a) ১৯৮১ (b) ১৯৮৯ (c) ১৯৯৫ (d) 2000

৩৭। রুবেল আলেয়াকে বিয়ের প্রলোভন দেখালে আলেয়া তাতে রাজি হয় না। এতে রুবেল এসিড নিক্ষেপ করলে আলেয়ার মুখমণ্ডল ঝলসে যায়। এ কারণে রুবেলের কী ধরনের শাস্তি হতে পারে?

(a) অনূর্ধ্ব ৭ বছর কারাদণ্ড (b) মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড

(c) চৌদ্দ বছর কারাদণ্ড (d) পাঁচ লক্ষ টাকা অর্থদণ্ড

৩৮। বাংলাদেশের শ্রম আইন অনুযায়ী কোনো কিশোর শ্রমিককে কাজ করানো যাবে না কখন?

(a) সকাল ৭ টা থেকে দুপুর ২ টা (b) সন্ধ্যা ৭ টা থেকে ভোর ৭ টা

(c) ভোর ৫ টা থেকে বিকাল ৫ টা (d) বিকাল ৫ টা থেকে ভোর ৫ টা

৩৯। সড়ক দুর্ঘটনার কারণ-

(i) সড়ক আইন অমান্য করা (ii) ত্রুটিযুক্ত যানবাহন (iii) ড্রাইভারদের অ্যালকোহল গ্রহণ

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৪০। স্কুলে যাওয়ার পথে একটি ছেলে রাবেয়াকে দেখে প্রায়ই শিস দেয়, ব্যাগ ধরে টান দেয়। রিশা থামিয়ে তার সাথে কথা বলার চেষ্টা করে। রাবেয়া তার বাবা-মাকে বিষয়টি জানালে তারা থানায় জিডি করেন। রাবেয়া কোন সামাজিক সমস্যার শিকার?

(a) যৌন হয়রানি (c) কিশোর অপরাধ (b) সন্ত্রাস (d) ছিনতাই

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** সালমা বেগম একজন সরকারি চাকরিজীবী। তিনি বাংলাদেশ সরকারের ১১ জানুয়ারি, ২০১১ সালের প্রকাশিত গেজেটের ভিত্তিতে ৬ মাসের ছুটি ভোগ করেছেন। ছুটি শেষে তিনি তার যাবতীয় বেতন ভাতাদি উত্তোলন করতে গেলে হয়রানির শিকার হন এবং তাকে কিছু বাড়তি টাকাও খরচ করতে হয়।

৪১। সালমা বেগমের হয়রানির মধ্যে দিয়ে কোন সামাজিক সমস্যাটি ফুটে উঠেছে?

(a) নারীর প্রতি সহিংসতা (b) নৈরাজ্য (c) দুর্নীতি (d) লিঙ্গ বৈষম্য

৪২। সরকারের উক্ত ছুটি ঘোষণার মূল উদ্দেশ্য-

(i) নিরাপদ প্রসূতি সেবা নিশ্চিত করা (ii) শিশুর পুষ্টির নিরাপত্তা নিশ্চিত করা

(iii) শিশুদের জন্য মাতৃদুগ্ধ নিশ্চিত করা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, ii

৪৩। সড়ক দুর্ঘটনার প্রধান কারণ কোনটি?

(a) অদক্ষ চালক (c) ত্রুটিপূর্ণ গাড়ি (b) অতিরিক্ত মাল বোঝাই (d) ওভারটেকিং

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** মি. সুজিত বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ব্যর্থ হয়। অতঃপর অবৈধ উপায়ে একটি ব্রিজ নির্মাণের কাজ পায়। অল্প কয়েক বছরের মধ্যে সে শহরে বহুতল ভবন ও দামি গাড়ির মালিক হয়। মি. বাদল প্রভাবশালী মানুষ। তার লোকেরা গরিব সাধারণ মানুষের ঘরবাড়ি দখল করে এবং মারধর করে। আইন শৃঙ্খলা বাহিনী নির্বিকার থাকে এবং প্রভাবশালীকে সহযোগিতা করে।

৪৪। উদ্দীপকের দ্বিতীয় অংশে কী ইঙ্গিত করা হয়েছে?

(a) বিশৃঙ্খলা (c) মারামারি (b) নৈরাজ্য (d) শৃঙ্খলাহীনতা

৪৫। মি.সুজিতের মত লোকদের উপর্যুক্ত পরিস্থিতি থেকে সরিয়ে নিতে যে পদক্ষেপ গ্রহণ করা জরুরি তা হল-

(i) সম্পদের নিরীক্ষা (ii) সম্পদের জবাবদিহিতা (iii) আইনের শাসন প্রতিষ্ঠা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d)i, ii, iii

৪৬। বাংলাদেশে মাত্রাতিরিক্ত সড়ক দুর্ঘটনার কারণ-

(i) ট্রাফিক আইন মেনে চলা- (ii) প্রশিক্ষণপ্রাপ্ত চালকের অভাব (iii) রাস্তার আইন অমান্য করা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৪৭। নারী ও শিশু নির্যাতনের প্রধান কারণ কী?

(a) ধর্মীয় শিক্ষার অভাব (b) নারীর সচেতনতার অভাব (c) নৈতিক শিক্ষার অভাব (d) মা-বাবার উদাসীনতা **নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:** জামাল সাহেব সামাজিক বিজ্ঞান বিষয়ের একজন শিক্ষক। তিনি ক্লাসে ডিজিটাল মাল্টিমিডিয়া ব্যবহার করে নারী ও শিশু পাচারের চিত্র দেখিয়ে পাঠদান করছেন।

৪৮। জামাল সাহেবের উপস্থাপনকৃত বিষয়ের মাধ্যমে সমাজের কোন ধরনের সমস্যা ফুটে ওঠেছে?

(a) সামাজিক নৈরাজ্য (b) সামাজিক বিশৃঙ্খলা

(c) নারীর প্রতি সহিংসতা (d) সামাজিক মূল্যবোধের অবক্ষয়

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** জনাব 'A' একজন ব্যবসায়ী। তিনি মাঝে-মধ্যে অতিরিক্ত লাভের আশায় পণ্যসামগ্রী গুদামে সংরক্ষিত রাখেন। এমনকি ব্যবসায়িক প্রতিযোগিতায় অতিরিক্ত সম্পদ অর্জনে ছলচাতুরীর আশ্রয়ও গ্রহণ করেন।

৪৯। জনাব 'A' এর কাজ কোন ধরনের সামাজিক সমস্যা?

(a) সামাজিক নৈরাজ্য (b) মূল্যবোধের অবক্ষয় (c) জঙ্গিবাদ (d) দুর্নীতি

৫০। উদ্দীপকে যে বিষয়টি পরিলক্ষিত হয় তার প্রভাবে সমাজে-

(i) প্রতিভাবানদের প্রতিভার বিকাশ বাধাগ্রস্ত হয় (ii) আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়

(iii) যোগ্য ব্যক্তির উচ্চ পদে আসীন বাধাগ্রস্ত হয়

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৫১। HIV এর সুপ্তিকাল কত মাস?

(a) ৫-৬ মাস (c) ৭-৮ মাস (b) ৬-৭ মাস (d) ৮-৯ মাস

৫২। নারীর প্রতি সহযোগিতার মনোভাব পোষণকারী সংস্থা-

(i) গ্রামীণ ব্যাংক (ii) ব্রেকিং দ্যা সাইলেন্স (iii) জাতিসংঘ

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

৫৩। সড়ক দুর্ঘটনা ঘটার কারণ হলো-

(i) যাত্রীদের অসচেতনতা (ii) ফিটনেসহীন গাড়ি (iii) ড্রাইভারদের ওভারটেকিং মনোভাব

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, ii

৫৪। কোনটির মাধ্যমে সমাজে যায়?

(a) বৈষম্যরোধ দ্বারা (c) স্বচ্ছতা সৃষ্টির দ্বারা (b) গতিশীলতা সৃষ্টির দ্বারা (d) সচেতনতা সৃষ্টির দ্বারা

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** রহমান সাহেবকে সঠিক সময়ে অফিসে পৌঁছানোর জন্য তার ড্রাইভার বেপরোয়া গতিতে গাড়ি চালিয়ে যায়। যদিও তখন সিগন্যালে লালবাতি জ্বলছিল। রাস্তার পাশে হকারদের বিক্রিত দ্রব্য নষ্ট হলে তারা ব্যাপক ভাংচুর করে।

৫৫। উক্ত পরিস্থিতিতে হকারদের দ্বারা কোন সামাজিক সমস্যাটি ঘটেছে?

(a) সামাজিক নৈরাজ্য (b) সামাজিক বিশৃঙ্খলা (c) মূল্যবোধের অবক্ষয় (d) সড়ক দুর্ঘটনা

৫৬। চালককে এ ধরনের অপরাধ থেকে বিরত রাখতে প্রয়োজন-

(i) যথাযথভাবে গাড়ি চালনা শেখানো (ii) রাস্তা নিয়ন্ত্রণকারী ব্যক্তিদের অধিক সচেতন করা

(iii) চালকদের যথার্থ মজুরির ব্যবস্থা করা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৫৭। সামাজিক অসঙ্গতির মূল কারণ কোনটি?

(a) মূল্যবোধের অধঃপতন (b) আচার ব্যবহারে নেতিবাচক পরিবর্তন

(c) আইন-শৃঙ্খলার অবনতি (d) রীতিনীতির নিয়ন্ত্রণহীনতা

৫৮। তুবা ৫ম শ্রেণির শিক্ষার্থী। দরিদ্রতার কারণে সে প্রতিবেশীর বাড়িতে বিকাল ৪টায় কাজ করার জন্য গেলে শ্রম আইন ২০০৬ অনুযায়ী কয়টার সময় সে ছুটি পাবে?

(a) সকাল ৮ টায় (c) রাত ৯ টায় (b) সন্ধ্যা ৭ টায় (d) রাত ১০ টায়

৫৯। কোন সালে বাংলাদেশ সরকার মাতৃত্বকালীন ছুটি ছয় মাস ঘোষণা করে?

(a) 2000 (b) 2002 (c) ২০০৬ (d) ২০১১

৬০। উদ্দীপকে সুমনের কাজে কোন সামাজিক সমস্যা ফুটে উঠেছে?

(a) শিশুশ্রম (b) কিশোর অপরাধ (c) সামাজিক নৈরাজ্য (d) মূল্যবোধের অবক্ষয়

৬১। রুনার উক্ত রোগে আক্রান্ত হওয়ার ফলে-

(i) তার পরিবারের উন্নতি বাধাগ্রস্ত হবে (ii) সে সন্তান জন্মদানে অক্ষম হবে

(iii) সবাই তাকে ভালবাসবে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৬২। সড়ক দুর্ঘটনার কারণ হলো-

(i) চালক ও মালিকের দুর্বলতা(ii) ট্রাফিক পুলিশের দুর্বলতা (iii) রাস্তা ও গাড়ির দুর্বলতা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৬৩। জাতীয় শিশু শ্রম নিরসন নীতি কত সালে হয়?

(a) ২০১০ (b) ২০১১ (c) ২০১২ (d) ২০১৩

৬৪। জাতিসংঘ শিশু অধিকার কনভেনশন অনুযায়ী শিশু কারা?

(a) ৭ বছরের কম বয়সীরা (b) ৭-১৪ বছর বয়সীরা (c) ১৬ বছরের কম বয়সীরা (d) ১৮ বছরের কম বয়সীরা

৬৫। এইডস রোগীর প্রতি আমাদের করণীয় হলো-

(a) সহানুভূতি প্রকাশ করা (b) ঘৃণা করা (c) ত্যাগ করা (d) অবহেলা প্রকাশ করা

৬৬। সামাজিক নৈরাজ্যের কারণ-

(i) সমাজে আইন শৃঙ্খলার অবনতি (ii) অপসংস্কৃতির অনুপ্রবেশ

(iii) মোবাইলের অতিমাত্রায় ব্যবহার

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, ii

৬৭। ১০ বছর বয়সী অরূপকে দিয়ে ঝালাইয়ের কাজ করাচ্ছেন দোকান মালিক রকিব উদ্দিন। তিনি কোনটির পরিপন্থি কাজ করছেন?

(a) বাংলাদেশের শিশু আইন, ১৯৭৪ (b) বাংলাদেশের শ্রম আইন, ২০০৬

(c) জাতি সংঘের শিশু অধিকার সনদ, ১৯৮৯ (d) জাতীয় শিশুনীতি, ২০১১

৬৮। নৈরাজ্যের মূল কারণ কোনটি?

(a) মূল্যবোধের অবক্ষয় (c) রাজনৈতিক বিশৃঙ্খলা (b) আইন শৃঙ্খলার অবনতি (d) স্বজনপ্রীতি

৬৯। কীভাবে সমাজকে দুর্নীতিমুক্ত রাখা যাবে?

(a) প্রচার মাধ্যমে সক্রিয় হলে (b) জনগণ সচেতন হলে (c) দুর্নীতিবাজদের শাস্তি দিলে (d) জবাবদিহিতা নিশ্চিত হলে

৭০। নিচের কোনটিতে দারিদ্র্যের দুষ্ট চক্র নির্দেশিত হচ্ছে?

(i) কৃষি নির্ভরতা → প্রচ্ছন্ন বেকারত্ব → কম উৎপাদন (ii) কম আয় → কম সঞ্চয় → কম বিনিয়োগ

(iii) স্বল্প পুঁজি → স্বল্প উৎপাদন → স্বল্প চাহিদা নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৭১। নারী সহিংসতার মূল কারণ কোনটি?

(a) যৌতুক (b) বাল্যবিবাহ( (c) বহুবিবাহ d) দারিদ্র্য

৭২। বাংলাদেশে শিশু আইন, ১৯৭৪-এ শিশু ধরা হয়েছে কত বছরের কম বয়স পর্যন্ত?

(a) ১৫ (b) ১৬ (c) ১৭ (d) ১৮

৭৩। মাতৃত্বকালীন ছুটি ৬ মাস, কখন থেকে কার্যকর করা হয়?

(a) ৯ জানুয়ারি ২০১১ (c) ৯ জানুয়ারি ২০১২ (b) ১১ জানুয়ারি ২০১১ (d) ১১ জানুয়ারি ২০১২

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী তিনটি প্রশ্নের উত্তর দাও:** স্কুলে যাওয়ার পথে নেহা একটি প্রাইভেট কারের ধাক্কায় মাটিতে পড়ে যায়। তার শরীর থেকে প্রচুর রক্তক্ষরণ হয়। সময় তার শরীরে রক্ত দেওয়া হয়। এরপর থেকে নেহার ওজন দ্রুত হ্রাস পায়। সে মাঝে মাঝে জ্বর ও ব্যথা অনুভব করে।

৭৪। নেহার রোগটির সাথে কোন রোগের সাদৃশ্য রয়েছে?

(a) জন্ডিস (b) ক্যান্সার (c) এইডস (d) বসন্ত

৭৫। নেহার রোগটি মূলত-

(a) ব্যাকটেরিয়া জনিত (c) ছোঁয়াচে (b) ভাইরাস জনিত (d) বায়ুবাহিত

৭৬। নেহা উক্ত রোগে আক্রান্ত হওয়ার প্রধান কারণ-

(i) দুর্ঘটনায় পতিত হওয়া (ii) অপরীক্ষিত রক্ত গ্রহণ (iii) ডাক্তারের অবহেলা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৭৭। গ্রামীণ এলাকায় নারীর প্রতি সহিংসতা বেশি হয় কেন?

(a) নারী স্বাধীনতার অভাবে (b) শিক্ষার হার কম হওয়ায়

(c) শ্রমিক হিসেবে সস্তা ও সহজলভ্য হওয়ায় (d) সামাজিক সচেতনতার অভাবে

৭৮। জঙ্গিবাদ প্রতিরোধ করা সম্ভব-

(i) ব্যাপক সামাজিক আন্দোলনের মাধ্যমে (ii) যুদ্ধের প্রশিক্ষণ গ্রহণ করে

(iii) ধর্ম সম্পর্কে সঠিক ধারণা প্রদান করে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৭৯। কোনটি হতে সামাজিক সমস্যার সৃষ্টি হয়?

(a) সামাজিক বিশৃঙ্খলা (b) সামাজিকীকরণ (c) সামাজিক পরিবর্তন (d) সামাজিক প্রথা

৮০। Militant শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(a) ইংরেজি (b) ল্যাটিন (c) গ্রিক (d) ফরাসি

**নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:** আর্থিক কারণে কলি বেশি পড়াশোনা করতে পারেনি। তাই সে ঢাকায় গার্মেন্টসে কাজ নেয়। একদিন সে যৌন হয়রানির শিকার হয়।

৮১। কলির নির্যাতনের পিছনে কোন কারণটি দায়ী?

(a) শিক্ষার অভাব (b) দারিদ্র্য (c) বেকারত্ব (d) জনসংখ্যা বৃদ্ধি

৮২। কলির প্রতি সহিংসতা রোধে করণীয়-

(i) ঋণদান কর্মসূচি গ্রহণ (ii) আইন প্রণয়ন (iii) নির্যাতনকারীদের শাস্তি প্রদান

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, ii